

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 14-12-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, জ্বালানি সংরক্ষণ এখন শুধু বিকল্প নয়, বর্তমান সময়ের প্রয়োজন।
- (২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, উত্তর-পূর্ব ভারত এগিয়ে গেলেই দেশ উন্নত হবে।
- (৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, সরকার রাজ্যে উন্নয়নের লক্ষ্যে কাজ করছে।
- (৪) রাজ্যের যেসব মহকুমায় কারাগার নেই সেখানে কারাগার স্থাপন করা হবে- জানিয়েছেন কারামন্ত্রী শান্ত্বনা চাকমা।

President:

আজ জাতীয় শক্তি সংরক্ষণ দিবস। শক্তি সংরক্ষণের গুরুত্ব সম্পর্কে সচেতনতা বাড়াতে এবং শক্তি দক্ষতায় দেশের অগ্রগতি তুলে ধরার জন্য এই দিনটি প্রতি বছর পালন করা হয়। এই উপলক্ষে, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু নতুন দিল্লিতে জাতীয় শক্তি সংরক্ষণ পুরস্কার ২০২৫ এবং শক্তি সংরক্ষণে জাতীয় চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ীদের সংবর্ধনা প্রদান করেন। অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন, জ্বালানি সংরক্ষণ এখন শুধু বিকল্প নয়, বর্তমান সময়ের প্রয়োজন। রাষ্ট্রপতি শ্রীমতী মুর্মু গুরুত্ব আরোপ করে বলেন, শক্তি সংরক্ষণের মাধ্যমে প্রকৃতির প্রতি

দায়িত্ববোধ প্রতিফলিত করে এবং ভবিষ্যত প্রজন্মের জন্য সংবেদনশীলতা প্রকাশ করে।

#####Byte President#####

কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রী মনোহর লাল এই অনুষ্ঠানকে, উন্নয়ন এবং পরিবেশ সংরক্ষণ কীভাবে একসাথে চলতে পারে তার প্রতিফলন হিসাবে বর্ণনা করেছেন। তিনি জানান, জাতীয় চিত্রাঙ্কন প্রতিযোগিতায় সারা দেশের এক লক্ষ দশ হাজারেরও বেশি বিদ্যালয়ের ৮৩ লক্ষেরও বেশি শিক্ষার্থী অংশ নিয়েছিল।

Achievement:

শক্তি সংরক্ষণ ও শক্তি দক্ষতার ক্ষেত্রে ২০২৫ সালের জাতীয় সংরক্ষণ পুরস্কার পঞ্চম ক্যাটাগরীতে দেশের মধ্যে দ্বিতীয় স্থান অর্জন করেছে ত্রিপুরা। আজ নতুনদিল্লির বিজ্ঞান ভবনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর হাত থেকে পুরস্কার গ্রহণ করেন টি.এস.ই.সি.এল এর কারিগরি অধিকর্তা ডঃ সুবীর সেন ও বুরো অফ এফিসিয়েন্সির স্টেট ডেজিগ্নেটেড এজেন্সির নোডাল অফিসার সীমা দাস। ত্রিপুরার এই সাফল্যে অভিনন্দন জানিয়েছেন বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ। প্রসঙ্গত, উল্লেখ্য এই গ্রুপে মোট ১১টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল প্রতিযোগিতায় অংশ নিয়েছিল।

National energy conservation day Gomati:

জাতীয় শক্তি সংরক্ষণ দিবস উপলক্ষ্যে আজ গোমতী জেলা সদর উদয়পুর বিজ্ঞান কেন্দ্রে বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতায় উদয়পুরের বিভিন্ন স্কুলের দুই শতাধিক ছাত্রছাত্রী অংশ নেয়।

অনুষ্ঠানে বিজ্ঞান প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা সুশান্ত বনিক, উপ-অধিকর্তা বিপুল মল্লিক, উদয়পুর বিজ্ঞান কেন্দ্রের ভারপ্রাপ্ত আধিকারিক অয়ন সাহা সহ আরো অনেকে উপস্থিত ছিলেন।

PM:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ একটি ইংরেজি দৈনিকে উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিঙ্কিয়ার লেখা একটি নিবন্ধ শেয়ার করেছেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী বলেন, শ্রী সিঙ্কিয়ার নিবন্ধটি নাগাল্যান্ডের হর্নবিল উৎসবকে মানবাত্মার ছবি এবং প্রাচীন ও বর্তমানের দুর্দান্ত মেলবন্ধন হিসেবে বর্ণনা করে। শ্রী মোদী আরও বলেন, উত্তর-পূর্ব আলোকিত হলেই দেশ উন্নত হবে।

এদিকে, শ্রী সিঙ্কিয়া উল্লেখ করেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দৃষ্টিভঙ্গি উত্তর-পূর্বাঞ্চলকে দেশের উন্নয়ন যাত্রার অগ্রভাগে রেখেছে, তার অর্থনৈতিক এবং মানবিক সম্ভাবনাকে উন্মুক্ত করেছে। সামাজিক মাধ্যমে বলেন, নাগাল্যান্ডের হর্নবিল উৎসব উন্নয়নের রূপান্তরের সংস্কৃতি প্রকাশ করে।

CM Prishtha Pramukh Sanmelan:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, সরকার উন্নয়নের লক্ষ্যে কাজ করছে। রাজ্যের জন্য রাজন্য পরিবার থেকে যারা কাজ করে গেছেন তাদের সম্মান দিয়েছে বর্তমান সরকার। আজ মোহনপুরে নির্বাচনী এলাকার বিজেপি'র পৃষ্ঠা প্রমুখ সম্মেলনের উদ্বোধন করে তিনি একথা বলেন। সম্মেলনে প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সাংসদ বিপ্লব কুমার দেব, রাজ্য বিজেপি সভাপতি ও সাংসদ রাজীব ভট্টাচার্য, বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ ও দলের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

GOVERNOR:

রাজ্যপাল ইন্ড্র সেনা রেড্ডি নাল্লু আজ নন্দননগরের সেনপাড়ায় বাংলা সংস্কৃতি বলয়ের সাপ্তাহিক সংস্কৃতিক হাটের দ্বিতীয় বর্ষপূর্তি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। রাজ্যপাল তাঁর ভাষণে বলেন, এই ধরনের সাংস্কৃতিক হাট শুধুমাত্র বিনোদনের মধ্যে সীমাবদ্ধ নয়, এটি আমাদের ঐতিহ্যের পুনরুদ্ধার, সংরক্ষণ এবং প্রাণবন্ত উদযাপনী একটি মহৎ গুরুত্বপূর্ণ প্রয়াস। তিনি বলেন, প্রধানমন্ত্রীর ভোকাল ফর লোকাল-এর সঠিক বাস্তবায়ন হলো এই ধরনের হাট। যার মাধ্যমে গ্রামীণ মানুষের উৎপাদিত সামগ্রী বাজারজাত করার একটি প্রয়াস।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন উচ্চ শিক্ষামন্ত্রী কিশোর বর্মণ, বিধানসভার মুখ্য সচেতন কল্যাণী রায়, বিধায়ক রতন চক্রবর্তী প্রমুখ।

TCB 11th Central Conference:

ত্রিপুরা জনগোষ্ঠীর সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন ত্রিপুরা চৌবালায় বুথুর একাদশ কেন্দ্রীয় সম্মেলন আজ বিলোনিয়ার বি.কে.আই স্কুলে শেষ হয়েছে। সম্মেলন থেকে ৭৫ সদস্যক নতুন কেন্দ্রীয় কমিটির সভাপতি ও সম্পাদক পদে পুনরায় নির্বাচিত হয়েছেন শচীন্দ্র ত্রিপুরা ও তরনী সেন ত্রিপুরা। সম্মেলনে ত্রিপুরা জনগোষ্ঠীর শিক্ষার সামগ্রিক বিকাশের লক্ষ্যে কাজ করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া, যুব সমাজের নেশাসক্তি ও দ্রুত গতিতে বাইক চালানোর বিষয়ে উদ্বেগ প্রকাশ করা হয়।

BJP National President:

বিজেপির জাতীয় কার্যকরী সভাপতি হয়েছেন নীতিন নবীন। তিনি বর্তমানে বিহার সরকারের মন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করছেন। দলের পার্লামেন্টারি বোর্ড এই নিযুক্তি দিয়েছে।

Bikash debbarma visit:

জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা আজ মুন্সিয়াকামি ব্লকের উত্তর মহারানী বাজার পরিদর্শন করেন। তিনি বাজারের ক্ষুদ্র ব্যবসায়ী ও অন্যান্যদের সঙ্গে আলোচনা করেন এবং বিভিন্ন সমস্যা সম্পর্কে অবহিত হন।

Tinku Roy - Nazrul kala khetro:

সমাজকল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিন্গু রায় বলেছেন, রাজ্যে জাতীয় স্বাস্থ্য মিশনের কর্মচারীরা স্বাস্থ্যসেবা প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। আজ জাতীয় স্বাস্থ্য মিশন কর্মী সংঘ, ত্রিপুরা প্রদেশের উদ্যোগে আগরতলা নজরুল কলাক্ষেত্রে আয়োজিত প্রথম রাজ্য সম্মেলনের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, জাতীয় স্বাস্থ্য মিশনের কর্মীরা স্বাস্থ্য সেবার ঘাটতি পূরণে ও সচেতনতা বৃদ্ধিতে প্রতিনিয়ত কাজ করছেন। এই সমস্ত কর্মীদের ন্যায্য অধিকার ও কল্যাণে তিনি সরকারের সহযোগিতার আশ্বাস দেন। উপস্থিত ছিলেন ন্যাশনাল হেলথ মিশন কর্মী সংঘের সাধারণ সম্পাদক পীযুষ ভৌমিক, ন্যাশনাল হেলথ মিশনের সরকারি মিশন অধিকর্তা নুপুর দেববর্মা এবং ভারতীয় মজদুর সংঘ এর রাজ্য সভানেত্রী দেবপ্রী কলই সহ সংগঠনের অন্যান্য নেতৃত্ব ও সদস্যরা।

Press club:

আজ এক অনুষ্ঠানে আগরতলা প্রেস ক্লাবের বার্ষিক পুরস্কার বিতরণী ও অমিয় দেবরায় স্মৃতি পুরস্কার এবং হিরণ্ময় চক্রবর্তী স্মৃতি পুরস্কার প্রদান করা হয়। উপস্থিত ছিলেন ক্রীড়া মন্ত্রী টিংকু রায়, মেয়র দীপক মজুমদার, আগরতলা প্রেস ক্লাবের সভাপতি প্রণব সরকার প্রমুখ। অনুষ্ঠানে অমিয় দেবরায় স্মৃতি পুরস্কার তুলে দেওয়া হয় সাংবাদিক সরযু চক্রবর্তীকে। হিরণ্ময় চক্রবর্তী স্মৃতি পুরস্কার পেয়েছেন সত্যব্রত চক্রবর্তী, সুবল কুমার দে, মৃণাল কান্তি বণিক এবং চন্দ্ৰিমা সিরকার। অনুষ্ঠানে আগরতলা প্রেস ক্লাব আয়োজিত বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদেরও পুরস্কৃত করা হয়।

Minister Alongbari:

অর্থ মন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ গোমতী জেলার গর্জি এলংবাড়ি এলাকার দুস্থ জন জাতিদের কস্বল, পঠন পাঠন সামগ্রী প্রদান করেন। লাংমা-নি হাদুক সোসাইটির উদ্যোগে আজ একই এলাকায় স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গোমতি জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায়, বিধায়ক জিতেন্দ্র মজুমদার প্রমুখ।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদে আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং

টুইটার ও ফেসবুক প্ল্যাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Jail Minister:

কারামন্ত্রী শান্ত্বনা চাকমা জানিয়েছেন, রাজ্যের যে'সব মহকুমায় কারাগার নেই সেখানে কারাগার (Sub-Jail) স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হয়েছে। আজ পেঁচারথলে বিজেপি'র এক বৈঠকে শ্রীমতি চাকমা একথা জানান।

Tripura Art Society:

ত্রিপুরা আর্ট সোসাইটির উদ্যোগে আজ সদর মহকুমা ভিত্তিক বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয় আগরতলা প্রেস ক্লাবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল। অনুষ্ঠানে সদর মহকুমার ১০০ জন অংকন শিল্পীকে সম্বর্ধনা জ্ঞাপন ও ১০ জন ক্ষুদে শিল্পীকে স্কলারশিপ প্রদান করা হয়।

BJP-Pancharthal:

উনকোটি জেলার পেঁচারথলের কো-অপারেটিভ হলঘরে বিজেপি'র এক সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন কারামন্ত্রী শান্ত্বনা চাকমা। বৈঠকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মন কি বাত অনুষ্ঠান আরও বেশি মানুষের

শোনার বিষয়ে এবং প্রধানমন্ত্রীর "বিকশিত ভারত" সংকল্পকে বাস্তবায়িত করতে আলোচনা হয়।

বৈঠকে উপস্থিত ছিলেন, দলের "মন কি বাত" অনুষ্ঠানের রাজ্য ইনচার্জ তথা দলের রাজ্য সম্পাদক রতন ঘোষ, জেলা সভাপতি বিমল কর, মন্ডল সভাপতি রাজীব চাকমা, BAC'র চেয়ারম্যান সজল চাকমা প্রমুখ।

Lal Bahadur Club:

আগরতলা লালবাহাদুর ক্লাবের হেলথ ক্লিনিক এর জন্য ক্লাবকে সম্মাননা প্রদান করলো রোটারি ক্লাব আগরতলা সিটি। আজ মুক্তধারা অডিটরিয়ামে এক অনুষ্ঠানে এই সম্মাননা গ্রহণ করেন লালবাহাদুর ক্লাবের সভাপতি প্রণব সরকার ও চিকিৎসক ডাঃ মঞ্জল দেববর্মা।

Health Camp:

অল ত্রিপুরা কমিস্ট এন্ড ড্রাগিস্ট ত্রিপুরা রাজ্য শাখার উদ্যোগে এবং ছাত্রবৃন্দ ক্লাবের সহযোগিতায় আজ আগরতলার নতুননগর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে মেগা স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। শিবিরের উদ্বোধন করেন প্রাক্তন বিধায়ক ডাঃ দিলীপ দাস। শিবিরে শতাধিক রোগীকে বিভিন্ন পরীক্ষা নিরীক্ষা করে বিনামূল্যে ঔষধ বিতরণ করা হয়।

PM on Australia:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি অস্ট্রেলিয়ার বন্ডি সৈকতে আজকের ভয়াবহ সন্ত্রাসী হামলার তীব্র নিন্দা জানিয়েছেন। ইহুদিদের উৎসব হানুক্কাহ উদ্‌যাপনের প্রথম

দিনেই এই হামলা। সামাজিক মাধ্যমে এক পোস্টে প্রধানমন্ত্রী প্রিয়জন হারানো পরিবারগুলোর প্রতি সমবেদনা জানিয়েছেন। তিনি বলেন, ভারত এই শোকের সময়ে অস্ট্রেলিয়ার জনগণের সাথে একাত্মতা প্রকাশ করেছে। শ্রী মোদি আরো বলেন, সন্ত্রাসবাদের প্রতি ভারতের শূন্য সহনশীলতা নীতি রয়েছে এবং সব ধরনের সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইকে ভারত সমর্থন করে। উল্লেখ্য এই হামলায় এক আততায়ী সহ কমপক্ষে বারো জন নিহত হয়েছে এবং দুই পুলিশসহ ২৯ জন আহত হয়েছেন।

Weather:

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াস।

Vijoy Marchant Trophy:

বিজয় মার্চেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেটের তিনদিনের খেলায় বিদর্ভের কাছে ইনিংস ও ১৩২ রানে হেরে গেছে ত্রিপুরা। কর্ণাটকের শিমোগার জে এন এন কলেজ মাঠে তৃতীয় তথা শেষ দিনে আজ ৩ উইকেটে ৫৮ রান থেকে খেলতে নেমে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৩১ রান করতে সক্ষম হয়। এর আগে বিদর্ভের প্রথম ইনিংসের ৩৫৬ রানের জবাবে রাজ্যদল প্রথম ইনিংস মাত্র ৯৩ রানে করেছিল।
